

বাংলাদেশ টেক্সটাইল মিলস করপোরেশন
বিটিএমসি ভবন
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

বিজ্ঞপ্তি নং-২৪.০৩.০০০০.১০৫.৩৩(অংশ-১).১১৫.২০-৫০

তারিখঃ ২৬-০৫-২০২২খ্রিঃ


নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ টেক্সটাইল মিলস করপোরেশন (বিটিএমসি) এর প্রধান কার্যালয়ের জন্য নিম্নবর্ণিত পদে সম্পূর্ণ অস্থায়ীভাবে নিয়োগের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রমিক নং	পদের নাম	বেতন	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	'সহকারী প্রোগ্রামার'	আলোচনা সাপেক্ষে	০১	সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছরের অভিজ্ঞতা সহ বিএসসি ইন কম্পিউটার সাইন্স গ্র্যান্ড ইঞ্জিনিয়ারিং
		মোট	০১টি	

শর্তাবলী :

(১)	(ক) প্রার্থীকে আবেদনের নির্ধারিত ফরম বাংলাদেশ টেক্সটাইল মিলস করপোরেশনের ওয়েব সাইট (www.btmc.gov.bd.) থেকে ডাউন লোড করে সংগ্রহপূর্বক আবেদন করতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। আবেদন পত্রের সাথে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩(তিন) কপি ছবি সংযুক্ত করতে হবে। (খ) প্রার্থীকে অবশ্যই ১৫-০৬-২০২২ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে/সরাসরি বিটিএমসি প্রধান কার্যালয়ে সংরক্ষিত বাক্সে আবেদনপত্র পৌঁছাতে হবে। উক্ত সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। (গ) আবেদনপত্রে ১৫-০৬-২০২২ খ্রিস্টাব্দ তারিখে প্রার্থীর বয়স উল্লেখ করতে হবে। (ঘ) সরকারী, আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং এ ক্ষেত্রে আবেদন পত্রের কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না।
(২)	আবেদন পত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে : (ক) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সনদপত্রের সত্যায়িত কপি (মূল সনদপত্র না থাকলে সাময়িক সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করা যাবে। তবে মৌখিক সাক্ষাৎকার গ্রহণের সময় মূল সনদপত্র দেখাতে হবে)। (খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র। (গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি।
(৩)	আবেদনকারীকে অবশ্যই সংশ্লিষ্ট ক্ষেত্রে পারদর্শী হতে হবে।
(৪)	প্রার্থীর বয়স ১৫-০৬-২০২২ খ্রিঃ তারিখে বয়স অনূর্ধ্ব ৩৫ বৎসর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
(৫)	আবেদনপত্র গ্রহণ, বাছাই এবং নিয়োগের ক্ষেত্রে কোন কারণ দর্শানো ব্যতিরেকে বিটিএমসি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিজ্ঞপ্তি আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
(৬)	এ পদে নিয়োগ সম্পূর্ণ অস্থায়ীভাবে গণ্য করা হবে।
(৭)	এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী ও যে কোন সময় বাতিলযোগ্য।
(৮)	বিটিএমসি'র প্রধান কার্যালয়ের যে বিভাগে কর্মরত থাকবে, সে বিভাগ কর্তৃক উপস্থিতির দিনগুলি উল্লেখ পূর্বক প্রদত্ত প্রত্যয়নপত্রের উপর ভিত্তি করে বেতন প্রদান করা হবে।
(৯)	সম্পূর্ণ অস্থায়ী এরূপ নিয়োজিত করার কারণে ভবিষ্যতে সংস্থায় নিয়মিত নিয়োগের/স্থায়ীকরণের জন্য দাবি গ্রহণ যোগ্য হবে না।
(১০)	সম্পূর্ণ অস্থায়ীভাবে নিয়োজিত ব্যক্তি পরবর্তীতে এ অফিস আদেশ দ্বারা কোন আইনের আশ্রয় নিতে পারবেন না।


২৫.৫.২০২২

(মোঃ নূরুল আলম)
মুখ্য পরিচালন কর্মকর্তা